



EIIN: 138979

কল্পবাজার ডিসি কলেজ

(জেলা প্রশাসন, কল্পবাজার কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত)



Ref No. CXBDCC/11/16/23/0276

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয় অনুমোদিত, জেলা প্রশাসন, কল্পবাজার- কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত 'কল্পবাজার ডিসি কলেজ'- এর জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ মোতাবেক নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র:নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সসীমা	জাতীয় বেতন স্কেল ও গ্রেড
০১	প্রভাষক (ইংরেজি ও রসায়ন)	প্রতি বিষয়ে ০১ (এক) জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি। এনটিআরসিএ কর্তৃক প্রদত্ত নিবন্ধন সনদ প্রাপ্ত।	অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। ইনডেক্স নম্বরধারী(এমপিও) প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।	গ্রেড- ৯ ২২,০০০/-
০২	নিরাপত্তাকর্মী	০১ (এক) জন	জেএসসি/ জেডিসি/ সমমান।		গ্রেড- ২০ ৮,২৫০/-

শর্তাবলি:

- প্রার্থীর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত ও স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে প্রার্থীর ক) ৩০/১১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে বয়স খ) বর্তমান ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত স্ট্যাম্পযুক্ত একটি ৯ইঞ্চি/ ৪ইঞ্চি সাইজের ফেরত খাম গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রশ্মি ছবি ঘ) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র কর্তৃক নাগরিকত্বের সনদ ঙ) জাতীয় পরিচয়পত্রের কপি চ) প্রথম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (মূল কপি) ছ) শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সকল সনদের সত্যায়িত কপি আবেদনের সাথে জমা দিতে হবে [প্রার্থীকে অবশ্যই আবেদনপত্র ও ফেরত খামে ই-মেইল আইডি লিখতে হবে]।
- সরকারি, আধা সরকারি অথবা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- মৌখিক পরীক্ষার সময় সনদপত্র সমূহের মূল কপি প্রদর্শন করতে হবে।
- আবেদনপত্র ১৪/১২/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে জেলা প্রশাসক, কল্পবাজার ও সভাপতি, কল্পবাজার ডিসি কলেজ, বইল্যাণ্ডা, সদর, কল্পবাজার-৪৭০০ বরাবর সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে। খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম লিখতে হবে।
- অসম্পূর্ণ আবেদন অথবা উক্ত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে 'কল্পবাজার ডিসি কলেজ'-এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ০১ (এক) নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা ও ০২ (দুই) নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংক ডাফট দাখিল করতে হবে।
- নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১/১১/২০২৩

মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক, কল্পবাজার

ও

সভাপতি

কল্পবাজার ডিসি কলেজ।

ফোন : ০২৩৩৪৪৬২২০০ (অফিস)

অনুলিপি: কার্যার্থে-

- ১। সভাপতি/ সাধারণ সম্পাদক, কক্সবাজার প্রেস ক্লাব।
- ২। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়। ওয়েবসাইটে প্রকাশের জন্য।
- ৩। সম্পাদক, দৈনিক..... কক্সবাজার। নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামীখ্রিষ্টাব্দ
তারিখে তার বহল প্রচারিত পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রচারের ব্যবস্থা গ্রহণপূর্বক প্রচারিত
সংখ্যার ০৫ (পাঁচ)টি কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সম্পাদক, দৈনিক..... ঢাকা। নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী খ্রিষ্টাব্দ
তারিখে তার বহল প্রচারিত ঢাকা থেকে প্রকাশিত পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রচারের ব্যবস্থা
গ্রহণপূর্বক প্রচারিত সংখ্যার ০৫ (পাঁচ)টি কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। নোটিস বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়।
- ৬। নোটিস বোর্ডে প্রচারের জন্য।



১১/১১/২০২০

জেলা প্রশাসক, কক্সবাজার

ও

সভাপতি

কক্সবাজার ডিসি কলেজ

ফোন : ০২৩৩৪৪৬২২০০ (অফিস)।

বইল্যাপাড়া, ৮নং ওয়ার্ড, কক্সবাজার পৌরসভা, সদর, কক্সবাজার-৪৭০০।

মোবাইলঃ ০১৮৮০ ৩৪৩৪৫৪, ০১৫৭৫ ৪০৬২০৩, ০১৩০৯ ১৩৮৯৭৯ টেলিফোনঃ ০২-৩৩৩৩৪৬৬৬০

E-mail: cxbdccollege@gmail.com, website: www.coxsbazardccollege.edu.bd